

অধ্যায় - ৬

বিশ শতকে ভারতে কৃষক, শ্রমিক ও বামপন্থী আন্দোলন: বৈশিষ্ট্য ও পর্যালোচনা।

৬.১ – বিশ শতকে ভারতে কৃষক আন্দোলনের সাথে জাতীয় কংগ্রেস ও বামপন্থী রাজনীতির সংযোগ

১/২

১। স্বদেশী ও বয়কট বলতে কী বোঝা?

--- বঙ্গভঙ্গ বিরোধী আন্দোলন কালে (১৯০৫ খ্রিঃ) বিদেশি পণ্য বর্জনের জন্য যে আন্দোলন তা বয়কট নামে পরিচিত এবং তার পরিপূরক হিসাবে দেশীয় ন্য ব্যবহারের উদ্যোগ হল স্বদেশী।

২। বঙ্গভঙ্গের সিদ্ধান্তকে গভীর জাতীয় বিপর্যয় কে বলেছেন?

--- সুরেন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায়।

৩। বঙ্গভঙ্গ বিরোধী আন্দোলন কতদিন চলেছিল?

--- ১৯০৫ – ১৯১১ খ্রিঃ

৪। স্বদেশী আন্দোলনে কৃষক সমাজ উল্লেখযোগ্য ভূমিকা নেয় নি কেন?

--- স্বদেশী আন্দোলনের কর্মসূচী মূলত ছিল শহর কেন্দ্রিক। বিশেষ করে কলকাতা কেন্দ্রিক। এবং তাতে অংশগ্রহন কারীরাও শিক্ষিত সম্প্রদায়ের উচ্চুতলার মানুষ বলে পরিচিত। গ্রামীন কৃষকদের জন্য উপযুক্ত কর্মসূচীর অভাব, দেশের সাধারণ মানুষের অংশগ্রহনের অভাব আন্দোলনের ভিতকে দুর্বল করেছিল।

৫। চম্পারন সত্যাগ্রহ (১৯১৭ খ্রিঃ) বলতে কী বোঝা?

--- বিহারের চম্পারনে কৃষ্ণরা খাজনা বন্দোর দাবীতে আন্দোলন শুরু করে। গান্ধিজি তাতে অংশ নিলে আন্দোলনের মাত্রা বাড়ে। ইংরেজ সরকার আন্দোলনের চাপে পিছু হটে। এই ঘটনা চম্পারন সত্যাগ্রহ নামে পরিচিত। (এটা ছিল গান্ধীজির ভারতে প্রথম সত্যাগ্রহ আন্দোলন)

৬। বিহারে তিন কাঠিয়া ব্যবস্থার অবসান কবে হয়?

--- ১৯১৭ খ্রিঃ (প্রতি বিঘা জমির তিন কাঠাতে নীল চাষ বাধ্যতামূলক ছিল। এই ব্যবস্থা তিন কাঠিয়া ব্যবস্থা নামে পরিচিত।)

৭। চৌরিচৌরা ঘটনাটি কী?

--- ১৯২২ খ্রিঃ ২২ শে ফেব্রুয়ারী উত্তরপ্রদেশের গোরক্ষপুর জেলার চৌরিচৌরা গ্রামে উত্তেজিত জনতা থানায় অগ্নিসংযোগ

করে ২২ জন পুলিস কে পুড়িয়ে মারলে গান্ধীজি ব্যাখ্যিত হন ও আন্দোলন বন্ধ করে দেন। এই ঘটনা চৌরিচৌরা ঘটনা নামে পরিচিত।

৮। অসহযোগ আন্দোলন কালে মেদিনীপুরের কৃষক আন্দোলনে নেতৃত্ব কে দিয়েছিলেন?

--- বীরেন্দ্রনাথ শাসমল।

৯। অসহযোগ আন্দোলন কালে বিহারে কৃষক আন্দোলনের নেতা কে ছিলেন?

--- স্বামী বিদ্যানন্দ।

১০। যুক্তপ্রদেশে কিষান সভা কবে গড়ে ওঠে? এতে উদ্যোগ কারা নিয়েছিলেন?

--- ১৯১৮ খ্রিঃ, গৌরিশঙ্কর মিত্র ও ইন্দ্রনারায়ণ ব্রিবেদী।

১১। 'একা' আন্দোলন (১৯২১ – ২২ খ্রিঃ) কোথায় গড়ে ওঠে? এতে নেতৃত্ব কে দিয়েছিলেন?

--- যুক্তপ্রদেশ। বাবা রামচন্দ্র, বাবা গরীবদাস।

১২। 'একা' আন্দোলনে চরমপন্থী নেতা কে ছিলেন?

--- মাদারী পাণী।

১৩। একা বা একতা আন্দোলনে কৃষকদের শপথ কী ছিল?

--- ক) অতিরিক্ত কর না দেওয়া খ) জমি থেকে উৎখাত করলেও জমি ছেড়ে চলে না যাওয়া, গ) বেগার শ্রম না দেওয়া ঘ) অপরাধীদের সাহায্য না দেওয়া।

১৪। "একা" আন্দোলন কে সামাজিক দস্যুতা কে বলেছিলেন?

--- এরিক হবসবম।

১৫। কুনবি কাদের বলা হতো?

--- গুজরাটের কৃষকদের।

১৬। বারদৌলি সত্যাগ্রহ বলতে কী বোঝা?

--- গুজ রাটের সুরাট জেলায় রাজস্ব বৃদ্ধির প্রতিবাদে বারদৌলির কৃষকদের সংঘবন্ধ করে বল্লভভাই প্যাটেল ১৯২৮ খ্রিঃ সত্যের পথে থেকে যে অহিংস প্রতিরোধ আন্দোলন গড়ে তোলেন তা বারদৌলি সত্যাগ্রহ নামে পরিচিত। (এই আন্দোলনে নেতৃত্ব দেন নরহরি পারিখ, রবিশঙ্কর ব্যাস, মোহলাল পাণ্ডে প্রমুখ, মহিলাদের মধ্যে মিঠুবেন প্যাটেল, মণিবেন প্যাটেল, শারদা মেহতা, ভক্তি বাই প্রমুখ)

১৭। হালি প্রথা কী?

--- গুজরাটের বরদৌলিতে জমিদারের জমিতে চাষী কর্তৃক বিনা পারিশ্রমিকে নিজের গরু লাঙল দ্বারা আবাদ করে দেওয়ার যে প্রথা ছিল তা হালি প্রথা নামে পরিচিত।

১৮। আইন অমান্য আন্দোলনের সূচনা কিভাবে হয়?

--- গান্ধিজি ১৯৩০ খ্রিঃ ১২ ই মার্চ ৭৮ জন অনুগামী নিয়ে সমুদ্রের উপকূলে গুজরাটের ডান্ডি নামক স্থানে লবন আইন অমান্য অমান্য করার উদ্দেশ্যে ঘাতা করেন। ৬ ই এপ্রিল সমুদ্রের জল থেকে লবণ তৈরি করে সরকারি আইন ভঙ্গের মাধ্যমে তিনি এই আন্দোলন শুরু করেন।

১৯। জাতীয় কংগ্রেস কবে প্রথম স্বাধীনতা দিবস পালন করে?

--- ১৯৩০ খ্রিঃ ২৬শে জানুয়ারী।

২০। কংগ্রেসের লাহোর অধিবেশন কবে হয়? এর সভাপতি কে ছিলেন? এই অধিবেশনে কী প্রস্তাব গৃহীত হয়?

--- ১৯২৯ খ্রিঃ। জওহরলাল নেহরু। পূর্ণ স্বারাজের দাবীর প্রস্তাব।

২১। আইন অমান্য আন্দোলন কালে উত্তর প্রদেশের কৃষক আন্দোলনের নেতৃত্ব কারা দিয়েছিলেন?

--- রফিক আহমেদ কিদোয়াই, কালিকা প্রসাদ, অঞ্জলি কুমার প্রমুখ।

২২। কংগ্রেস সমাজতন্ত্রী দল কবে, কাদের নেতৃত্বে প্রতিষ্ঠিত হয়?

--- ১৯৩৪ খ্রিঃ। জয়প্রকাশ নারায়ণ, রামমনোহর লোহিয়া, আচার্য নরেন্দ্রদেব, অচ্যুত পট্টবর্ধন প্রমুখ।

২৩। সারাভারত কিষান কংগ্রেস কবে প্রতিষ্ঠিত হয়? এর প্রথম সভাপতি ও সম্পাদক কারা ছিলেন?

--- ১৯৩৬ খ্রিঃ। প্রথম সভাপতি স্বামী সহজানন্দ সরস্বতী প্রথম সম্পাদক এন. জি. রঙ্গ (কংগ্রেস সমাজতন্ত্রীদের অংশ ও কমিউনিস্টদের সাথে মিলিত হয়ে এই দল তৈরি হয়)।

২৪। ক্রীপস ভারতে এসেছিলেন কেন? প্রস্তাবটি কী ছিল?

--- দ্বিতীয় বিশ্বযুদ্ধের সময় জাপান ১৯৪১ খ্রিঃ ৭ ই ডিসেম্বর মিত্রশক্তির বিরুদ্ধে যুদ্ধে যোগ দিলে মিত্রশক্তিভূক্ত ব্রিটেন সমস্যায় পড়ে। এই পরিস্থিতিতে ভারতীয়দের কাছ থেকে যুদ্ধে পূর্ণ সহযোগিতা লাভ এবং যুদ্ধে ভারতের অর্থ, সম্পদ ও জনশক্তি ব্যবহারের উদ্দেশ্যে সরকার ভারতীয় নেতৃত্বের সাথে আলোচনার মাধ্যমে সুসম্পর্ক গড়ে তোলার উদ্যোগ নেয়। এই উদ্দেশ্যেই স্যার স্ট্যাফোর্ড ক্রীপস কে ভারতে পাঠানো হয়।
তাঁর প্রস্তাবে ভারতকে স্বায়ত্ত্বশাসনের অধিকার দানের কথা বলা হয়।

২৫। 'ভারতছাড়ো' আন্দোলনের প্রস্তাব গ্রহন কবে হয়? --- ১৯৪২ খ্রিঃ ১৪ ই জুলাই।

২৬। ভারতছাড়ো আন্দোলনের ধ্বনি কী ছিল?

--- করেজে ইয়ে মরেজে।

২৭। মোপলা বিদ্রোহের পরিচয় দাও।

--- অসহযোগ আন্দোলনের প্রভাবে দক্ষিণ ভারতে মালাবার অঞ্চলে (কেরল) যে কৃষক আন্দোলন সংঘটিত হয়েছিল, তা মোপলা বিদ্রোহ নামে পরিচিত। হিন্দু জমিদার বিরোধী মুসলমান প্রজার বিদ্রোহ হলেও তা গন আন্দোলনে রূপ লাভ করে। এই আন্দোলনের নেতৃত্বে ছিলেন মাধবন নায়ার, গোপাল মেনন, ইয়াকুব হাসান প্রমুখ।

২৮। রম্পা বিদ্রোহের পরিচয় দাও।

--- অসহযোগ আন্দোলনের প্রভাবে অন্ধপ্রদেশের গুন্টুর (গোদাবরী উপত্যকা) জেলার কৃষ্ণরা মহাজনি ও জমিদারি শোষনের বিরুদ্ধে প্রতিবাদ জানিয়ে বিদ্রোহ শুরু করে (১৯২২ - ১৯২৪ খ্রিঃ)। এই বিদ্রোহ রম্পা বিদ্রোহ নামে পরিচিত। এতে নেতৃত্ব দেন আল্লুরি সীতারাম রাজু।

২৯। তেভাগা আন্দোলনের পরিচয় দাও।

--- ১৯৪৬ - ৪৭ খ্রিঃ দিনাজপুর, রংপুর, মালদা জল্লাইগড়ি, মেদিনিপুর প্রভৃতি অঞ্চলের ভাগচাষিরা ফ্লাউড কমিশনের সুপারিশ অনুযায়ী উৎপন্ন ফসলের ২/৩ অংশ দাবী করে, নিজ খামারে ধান তোলার দাবী নিয়ে জোতদার তথা ধনী কৃষকদের বিরুদ্ধে যে আন্দোলন গড়ে তুলেছিল তা তেভাগা আন্দোলন নামে পরিচিত। এই আন্দোলনের নেতৃত্বে ছিলেন ভবানী সেন, সুনীল সেন, অবনী লাহিড়ী প্রমুখ। কমিউনিষ্ট রাও এই আন্দোলনের পুরোভাগে ছিলেন।

৩০। ভারতের কমিউনিস্ট পার্টি কবে প্রতিষ্ঠিত হয়?

--- ১৯২৫ খ্রিঃ কানপুরে।

৩১। তামিলন্তু জাতীয় সরকার কার উদ্যোগে গড়ে ওঠে?

--- অজয় মুখাজ্জী

৩২। দেশপ্রান কাকে আখ্যা দেওয়া হয়েছিল?

--- বীরেন্দ্রনাথ সাম্বলকে।

৩৩। পুনাপ্রা ভায়লার সংগ্রাম কবে, কোথায় হয়েছিল?

--- ১৯৪৬ খ্রিঃ, ত্রিবাঙ্গকুর।

৩৪। বখস্ত কী?

--- বিহারে কৃষক জমিদারের খাজনা রিশোধে ব্যর্থ হলে জমিদার কৃষকের যে জমি বাজেয়াপ্ত করে কৃষককে জমি থেকে উচ্ছেদ করত সেই জমিকে 'বখস্ত' জমি বলা হতো। (এই জমি ফিরে পাওয়ার জন্য আন্দোলন বখস্ত আন্দোলন (১৯৩৬-৩৮ খ্রিঃ)নামে পরিচিত)

৩৫। বখস্ত আন্দোলন (১৯৩৬ – ৩৮ খ্রিঃ)কোথায় হয়েছিল, এর নেতার নাম লেখ।

--- বিহারে, সহজানন্দ সরন্ধৰ্তী।

৩৬। কৃষক প্রজা পার্টি কারা, কোথায় গঠন করেন? --- ফজলুল হক (শের ই বাংলা নামে পরিচিত), আক্রাম খাঁ। বাংলায়।

৩৭। লাঙল যার জমি তার – এই স্লোগান কাদের ছিল?

--- কৃষক প্রজা পার্টির।

৩৮। খুদা ই খিদমতগার কে প্রতিষ্ঠা করেন?

--- আব্দুল গফফর খান, উত্তর পশ্চিম সীমান্ত প্রদেশে।

৬.২ – বিংশ শতকে শ্রমিক আন্দোলনের সাথে জাতীয় কংগ্রেস ও বামপন্থী রাজনীতির সম্পর্ক

১/২

১। AITUC কবে প্রতিষ্ঠিত হয়? এর প্রথম সভাপতি, সহ সভাপতি, সম্পাদক কে ছিলেন?

--- ১৯২০ খ্রিঃ। এর প্রথম সভাপতি লালা লাজপ্তি রায়, সহ সভাপতি জোসেফ ব্যাণ্ডিস্টা, প্রথম সম্পাদক দেওয়ান চমনলাল।

২। রয়্যাল কমিশন কবে নিয়োগ করা হয়?

--- ১৯২৮ খ্রিঃ। শ্রমিক কল্যানের উদ্দেশ্যে।

৩। 'ওয়ার্কার্স এন্ড পেজেন্টস পার্টি অব বেঙ্গল' কবে প্রতিষ্ঠিত হয়? এর সভাপতি ও সম্পাদক কারা ছিলেন?

--- ১৯২৬ খ্রিঃ। সভাপতি নরেশচন্দ্র সেনগুপ্ত, যুগ্ম সম্পাদক হেমন্ত কুমার সরকার ও কুতুবুদ্দিন আহমদ।

৪। সারা ভাৰত ওয়ার্কার্স এন্ড পেজেন্টস পার্টি কবে প্রতিষ্ঠিত হয়? এর সম্পাদক কে ছিলেন?

--- ১৯২৮ খ্রিঃ। আর. এস. নিষ্পকার।

৫। লাঙল পত্রিকার সম্পাদক কে ছিলেন?

--- কাজী নজরুল ইসলাম

৬। গণবানী পত্রিকার সম্পাদক কে ছিলেন?

--- মুজফফর আহমেদ।

৭। শ্রমিক পত্রিকার সম্পাদক কে ছিলেন?

--- সন্তোষকুমারী গুপ্তা।

৮। সোশ্যালিষ্ট পত্রিকার সম্পাদক কে ছিলেন?

--- এস. এ. ডাঙ্গে।

৯। কীর্তি পত্রিকার সম্পাদক কে ছিলেন?

--- সন্তোষ সিং।

১০। লেবার কিষান পেজেট পত্রিকার সম্পাদক কে ছিলেন?

--- সিঙ্গারাভেলু চেত্রিয়ার।

১১। ভারতে প্রথম মে দিবস কবে, কোথায়, কার নেতৃত্বে পালিত হয়?

--- ১৯২৩ খ্রিঃ ১ লা মে মাদ্রাজে, সিঙ্গারাভেলু চেত্রিয়ার।

১২। INTUC কবে প্রতিষ্ঠিত হয়?

--- ১৯৪৭ খ্রিঃ

১৩। ওয়ার্কার্স এন্ড পেজেন্টস পার্টি যুক্ত ছিল কোন আন্দোলনের সাথে?

--- অস হয়েগ আন্দোলন (এর গুরুত্বপূর্ণ নেতা হ লেন পি. সি. ঘোষী)

১৪। AITUC প্রতিষ্ঠার উদ্দেশ্য কী ছিল?

--- ক) ব্রিটিশ সাম্রাজ্যবাদ বিরোধী আন্দোলনে সংগঠিত শ্রমিক আন্দোলন গড়ে তোলা।

খ) আন্তর্জাতিক শ্রমিক সংগঠনে ভারতীয় সংগঠনের সদস্যপদ গ্রহন করা।

গ) শ্রমিকদের ন্যায্য দাবী দাওয়া আদায়।

১৫। ওয়ার্কার্স এন্ড পেজেন্টস পার্টি কেন প্রতিষ্ঠা হয়েছিল?

--- ক) পুঁজিবাদ বিরোধী ঐক্যবন্ধ কৃষক শ্রমিক আন্দোলন সংগঠিত করা।

খ) দেশে সাম্যবাদের প্রসার ঘটানো

গ) বামপন্থী দল গুলোকে ঐক্যবন্ধ করা।

১৬। ভারতের প্রথম শ্রমিক সংগঠন কোনটি?

--- শ্রমজীবী সমিতি।

১৭। মাদ্রাজ লেবার ইউনিয়ন কে গঠন করেন?

--- বি পি ওয়াদিয়া।

১৮। ট্রেড ইউনিয়ন আইন কবে পাশ হয়?

--- ১৯২৬ খ্রি:

১৯। মিরাট ষড়যন্ত্র মামলা কী? (১৯২৯-৩৩ খ্রি:)

--- ১৯২০ এর দশক থেকেই কমিউনিস্ট আন্দোলন ক্রমশ মাথাচাড়া দিতে থাকে। ফলে তা বিরিটিশ সরকারের মাথা ব্যাথার কারন হয়। ১৯২৯ খ্রি: কমিউনিস্ট আন্দোলন দমনের উদ্দেশ্যে কমিউনিস্টদের বিরুদ্ধে মিরাট ষড়যন্ত্র মামলা দায়ের করা হয়। অভিযোগ ছিল যে, কমিউনিস্টরা ব্রিটিশ সরকারের বিরুদ্ধে ষড়যন্ত্র লিপ্ত আছে। ভারতীয়দের মধ্যে অভিযুক্ত ছিলেন মুজাফফর আহমেদ, এস. এ. ডাঙ্গে, পি. সি. ঘোষ প্রমুখ; বিদেশিদের মধ্যে ছিলেন বেঞ্জামিন ব্র্যাডলি, ফিলিপ স্প্র্যাট। এই মামলায় ৩৩ জন কমিউনিস্টকে গ্রেপ্তার করা হয়।

২০। গিরনি কামগার ইউনিয়ন কবে প্রতিষ্ঠিত হয়?

--- ১৯২৮ খ্রি:। এটি ছিল বন্ধ শিল্প শ্রমিকদের সংগঠন।

৬.৩ - বিংশ শতকের ভারতে উপনিবেশ বিরোধী আন্দোলনে বামপন্থী রাজনীতির অংশ গ্রহনের চরিত্র, বৈশিষ্ট্য ও পর্যালোচনা।

১/২

১। কানপুর ষড়যন্ত্র মামলা কবে, কারা দায়ের করে? এতে কাদের গ্রেপ্তার করা হয়? এই মামলার উদ্দেশ্য কী ছিল?

--- ১৯২৪ খ্রি: ব্রিটিশ সরকার। মুজাফফর আহমেদ, এস. এ. ডাঙ্গে, শওকৎ ওসমানি নলিনী গুপ্ত প্রমুখ কমিউনিস্ট নেতাকে।

এই মামলার উদ্দেশ্য ছিল ভারতে বামপন্থী ভাবধারার গতিরোধ করা।

২। কে, কোথায় প্রথম ভারতের কমিউনিস্ট পার্টি প্রতিষ্ঠা করেন?

--- মানবেন্দ্রনাথ রায়, তাসখন্দে, ১৯২০ খ্রি:

৩। ভারতে কবে ভারতের কমিউনিস্ট পার্টি প্রতিষ্ঠিত হয়?

--- ১৯২৫ খ্রি: কানপুরে।

৪। রেড ট্রেড ইউনিয়ন কংগ্রেস কবে প্রতিষ্ঠিত হয়?

--- ১৯৩১ খ্রি:।

৫। ভারতের জাতীয় ট্রেড ইউনিয়ন ফেডারেশন(INTUF) কবে প্রতিষ্ঠিত হয়?

--- ১৯৩৫ খ্রি:।

৬। নিখিল ভারত রেলওয়ে মেনস ফেডারেশন (AIRMF) কবে প্রতিষ্ঠিত হয়?

--- ১৯৩৬ খ্রি:।

৭। কংগ্রেস সমাজতন্ত্রী দল কবে প্রতিষ্ঠা হয়? এর সাধারণ সম্পাদক কে ছিলেন?

--- ১৯৩৪ খ্রিঃ বোম্বাইতে, জয়প্রকাশ নারায়ণ।

৮। সারা ভারত কিষান কংগ্রেস কবে প্রতিষ্ঠিত হয়? এর সভাপতি ও সম্পাদক কে ছিলেন?

--- ১৯৩৬ খ্রিঃ। সভাপতি - এন. জি. রঙ্গ, সম্পাদক - স্বামী সহজানন্দ সরস্বতী।

৯। ফরোয়ার্ড ব্লক দল কে, কবে গঠন করেন?

--- সুভাষচন্দ্র বসু, ১৯৩৯ খ্রিঃ।

১০। ফরোয়ার্ড ব্লক দল কেন গঠন করা হয়?

--- সুভাষচন্দ্র বসু কংগ্রেসের ভিতরে ও বাইরে বামপন্থী শক্তিগুলোকে সুসংহত করে ব্রিটিশ শাসনের অবসান ঘটানোর জন্য প্রয়োজনে শসন্ত্ব বিপ্লবকে সমর্থনের পক্ষপাতি ছিলেন বলে এই দল গঠন করেন।

১১। বিপ্লবী সমাজতন্ত্রী দল (R.S.P) কবে, কোথায় গড়ে উঠে?

--- ১৯৪০ খ্রিঃ, রামগড়।

১২। মানবেন্দ্রনাথ রায়ের প্রকৃত নাম কী?

--- নরেন্দ্রনাথ ভট্টাচার্য (ছদ্মনাম - ফাদার মার্টিন)

১৩। ভারতের প্রথম কমিউনিস্ট বিরোধী মামলা কোনটি?

--- পেশোয়ার ষড়যন্ত্র মামলা (১৯২২-১৯২৭ খ্রিঃ প্রথম বলশেভিক মামলা)।

১৪। ভারতে প্রকাশিত প্রথম কমিউনিস্ট পত্রিকা কোন টি?

--- দি সোশ্যালিস্ট।

১৫। ভারতে প্রথম ট্রেড ইউনিয়ন প্রতিষ্ঠা কে করেন?

--- বি. পি. ওয়াদিয়া।

১৬। 'Indian in transition' গ্রন্থটি কে লিখেছিলেন?

--- মানবেন্দ্রনাথ রায়।

১৭। শের ই বাংলা নামে কে পরিচিত ছিলেন?

--- ফজলুল হক।

১৮। র্যাডিক্যাল ডেমোক্র্যাটিক পার্টি কে প্রতিষ্ঠা করেন?

--- মানবেন্দ্রনাথ রায়।

১৯। গণ নিরাপত্তা বিল ও বানিজ্য বিরোধ বিল কী?

--- ১৯২৮ খ্রিঃ গণ নিরাপত্তা বিলের মাধ্যমে কমিউনিস্টদের দমন করা হয় এবং বানিজ্য বিরোধ বিলের মাধ্যমে সালিশী

কমিটি দ্বারা শ্রমিক মালিক বিরোধ মীমাংসা করা হয় এবং শ্রমিক আন্দোলন বেআইনী ঘোষনা করা হয়।

২০। ইউনিয়নিস্ট পার্টি ও জাস্টিস পার্টি কোথায় প্রতিষ্ঠিত হয়?

--- ইউনিয়ানিস্ট পার্টি পাঞ্জাবে, জাস্টিস পার্টি মাদ্রাজে।

BADOLI HIGH SCHOOL